দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JUL 1989
পৃষ্ঠা 3 কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

041

## রাজশাহী বোর্ডের ৬ হাজার এসএসসি পরীক্ষার্থীর ফল ঘোষণা স্থগিত

রাজশাহী হইতে নিজস্ব সংবাদদাতা : অননুমোদিতভাবে ও রেজিষ্ট্রেশন ছাড়া পরীক্ষা দেওয়ার জন্য চলতি ১৯৮৯ বর্ষে রাজশাহী বোর্ডের প্রায় ৬ হাজার এসএসসি পরীক্ষার্থীর ফল ঘোষণা স্থগিত রাখা হইয়াছে। নির্ভরযোগ্যসূত্রে জানা যায়, এই বোর্ডের অধীনে কয়েকটি স্কুল কর্তৃপক্ষ সময়মত ফর্ম পূরণ না করিয়া শেষ মুহূর্তে বোর্ডের কাছে উহা পাঠায়। বোর্ড কর্তৃপক্ষ মানবিক কারণে তাহাদের পরীক্ষা দেওয়ার অনুমতি দেন।